

# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

## টিআইসিআইতে শিক্ষানবিশ নিয়োগ বিজ্ঞপ্তি

সূত্র নং-টিআইসিআই/প্রশিক্ষণ/৭.৫/৩৪৮

তারিখ: ০২ মার্চ, ২০১৬ খ্রি:

বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের আধুনিক প্রশিক্ষণ যন্ত্রপাতি সমৃদ্ধ কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই) এ প্রশিক্ষণের জন্য **অরী শিল্প কারখানার** কাজের উপযোগী **শিক্ষানবিশ গ্রেড-২** নিয়োগের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। আবেদনের যোগ্যতা, শর্তাবলী এবং নিয়মাবলী নিম্নরূপঃ

ক্রম	পদের নাম	পদসংখ্যা (কম/বেশি)	ভাষা	বয়স	শিক্ষাগত যোগ্যতা
১	শিক্ষানবিশ গ্রেড-২	৩৩৪	উপস্থিতির ভিত্তিতে জনপ্রতি মাসে সর্বসাকুল্যে ৳ ১৪০০/- (এক হাজার চারশত) টাকা মাত্র	বয়স ২২ মার্চ, ২০১৬ খ্রিঃ তারিখে সর্বোচ্চ ২৫ (পঁচিশ) বৎসর এবং সর্বনিম্ন ১৭ (সতের) বৎসর।	এসএসসি/সমমান (বিজ্ঞান) এবং এইচএসসি (বিজ্ঞান) পদার্থ বিদ্যা, রসায়ন ও উচ্চতর গনিতসহ উভয় পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/জিপিএ ২.৫০ অথবা এসএসসি/সমমান (বিজ্ঞান) সহ অনুমোদিত সরকারী কারিগরী প্রতিষ্ঠান হতে টিটিসির (মেশিনিষ্ট/ইলেকট্রিক্যাল/ইলেকট্রিনিয় টার্নার (লেড)/ ওয়েল্ডিং/ফিটিং (ভালু)/মিল রাইটস/ বেঞ্চ ফিটার) ২ বৎসর মেয়াদের সনদপত্রসহ উভয় পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/ জিপিএ ২.৫০ থাকতে হবে।

### সাধারণ শর্তাবলী:

- আবেদনপত্র দাখিলের সর্বশেষ সময় ২২ মার্চ, ২০১৬ খ্রিঃ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত। অনলাইনে ১০ মার্চ, ২০১৬ খ্রিঃ হতে আবেদন করা যাবে।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনকারীকে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- নির্বাচিত প্রশিক্ষার্থীকে ট্রেনিং ইনস্টিটিউট ফর কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ (টিআইসিআই), পলাশ, নরসিংদী এর নিয়ন্ত্রনে ন্যূনতম ১২ (বার) মাস প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। তন্মধ্যে প্রশিক্ষার্থীকে ইন-প্ল্যাক্ট প্রশিক্ষণ গ্রহণের জন্য দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ভারী শিল্প প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।
- প্রশিক্ষণকালীন সময়ে অসদাচরণ/অশোভন আচরণ, টিআইসিআই/বিসিআইসির নিয়ম-শৃঙ্খলা ভঙ্গের দায়ে এবং প্রশিক্ষণের অনগ্রসরতা পরিলক্ষিত হলে যে কোন সময় সংশ্লিষ্ট প্রশিক্ষার্থী/ শিক্ষানবিশীর অবসান ঘটানো হবে।
- প্রশিক্ষণ কোর্স শেষে অনুষ্ঠিত চূড়ান্ত মূল্যায়নে সফলতার সাথে উত্তীর্ণ প্রশিক্ষার্থীকে সংশ্লিষ্ট প্রশিক্ষণ ক্ষেত্রের উপর সনদপত্র প্রদান করা হবে।
- প্রশিক্ষণ কোর্স শেষে সনদপত্রের মানঃ শিক্ষানবিশী কোর্স সফলভাবে সমাপনের পর বিসিআইসির মান অনুসারে শিক্ষানবিশ গ্রেড-২ দের এসও-২/এসটি-২ হিসাবে নিয়োগ প্রাপ্তির ন্যূনতম যোগ্যতা অর্জিত হয়েছে বলে বিবেচিত হবে।
- শিক্ষানবিশ কাল সফলভাবে সমাপ্ত ও চূড়ান্ত মূল্যায়নে কৃতকার্য প্রার্থীদেরকে সংস্থার নিয়ন্ত্রণাধীন কারখানাসমূহে শূন্যপদের বিপরীতে নিয়োগ বিবেচনা করা যেতে পারে। তবে কোনভাবেই চাকুরীর নিশ্চয়তা প্রদান করা হচ্ছে না।
- শিক্ষানবিশ নির্বাচন/নিয়োগের ক্ষেত্রে কোনরূপ সুপারিশ অথবা তদবির প্রার্থীদের অযোগ্যতা হিসাবে বিবেচনা করা হবে।
- বিসিআইসি/সরকারী নিয়ম ও বিধি অনুযায়ী শিক্ষানবিশ নির্বাচন কার্যক্রম সম্পাদন করা হবে।
- লিখিত পরীক্ষার ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের শুধুমাত্র মৌখিক ও ফিটনেস পরীক্ষার সময় অনলাইন আবেদনে প্রদত্ত তথ্য অনুযায়ী সকল মূল সনদপত্র/প্রত্যয়ন পত্র সঙ্গে আনতে হবে। অনলাইনে আবেদনের কপি, প্রবেশপত্র এবং আবেদনে উল্লিখিত সকল সনদ/প্রমাণাদির ১(এক) সেটসহ ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি জমা দিতে হবে। ছবিসহ জমাকৃত সকল কাগজ-পত্র প্রথম শ্রেণির গেজেটেড/সংস্থার ব্যবস্থাপক বা তদুর্ধ্ব পদের কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- অনলাইনে আবেদনপত্র পূরণ করার সময় প্রযোজ্য ক্ষেত্রে পদার্থ, রসায়ন ও গনিত এর নির্দিষ্ট ঘরে প্রত্যেক বিষয়ে CGPA উল্লেখ করতে হবে।
- ভবিষ্যতে কোন তথ্য ভুল প্রমাণিত হলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে এবং বয়স সংক্রান্ত এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে প্রয়োজনবোধে এ শিক্ষানবিশ নির্বাচন প্রক্রিয়া সম্পূর্ণ/আংশিক বাতিলের অধিকার সংরক্ষণ করে।
- শিক্ষানবিশ নিয়োগ বিজ্ঞপ্তি এবং অন-লাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি বিসিআইসি'র ওয়েব সাইট [www.bcic.gov.bd](http://www.bcic.gov.bd) এবং টিআইসিআই এর ওয়েব সাইট [www.tici-bcic.org](http://www.tici-bcic.org) এ পাওয়া যাবে/ডাউনলোড করা যাবে।

(খোন্দকার ওহিদুল হক)

ব্যবস্থাপক (প্রশাসন)

নির্বাহী পরিচালকের পক্ষে

টিআইসিআই, পলাশ, নরসিংদী।